

স্মারক নম্বর-০৫.৩০.৮৬০০.০০১.০৪.০০৬.২৩-১৯

তারিখ : ১০ মাঘ ১৪৩০
২৪ জানুয়ারি ২০২৪

প্রেস ব্রিফিং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলা স্টেডিয়ামে আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে অনুষ্ঠিতব্য মনিপুরী, তীত শিল্প ও জামদানি বেনারসি কল্যাণ ফাউন্ডেশন, শরীয়তপুর কর্তৃক "শিল্প, সংস্কৃতি ও বাণিজ্য মেলা" আয়োজনের জন্য জেলা প্রশাসনের পক্ষ হতে লিখিত কোনো অনুমতি প্রদান করা হয়নি।

স্থানীয় জনসাধারণ ও ক্রীড়াপ্রেমীদের সুবিধার্থে এবং আসন্ন ১৫ ফেব্রুয়ারি এসএসসি/সমমানের পরীক্ষার কথা বিবেচনা করে ইতোমধ্যে গত ২২ জানুয়ারি ২০২৪ তারিখ জেলা প্রশাসনের পক্ষ হতে মেলা আয়োজন না করার জন্য আয়োজকদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্তমানে মেলা আয়োজক কমিটি মেলা আয়োজনের জন্য ইতোমধ্যে স্টেডিয়ামে নির্মিত বিভিন্ন শেড, অস্থায়ী অবকাঠামো, নির্মাণসামগ্রী অপসারণের কাজ শুরু করেছে। আগামী ২ (দুই) দিনের মধ্যে স্টেডিয়ামের সমস্ত অস্থায়ী অবকাঠামোসহ নির্মাণসামগ্রী অপসারণ করা হবে।

উল্লেখ্য, বিভিন্ন সংবাদ মাধ্যমে স্টেডিয়ামের পিচের ক্ষতি করে নির্মাণ করা হচ্ছে দোকানপাট মর্মে যে সংবাদ ছাপা হয়েছে তা সত্য নয়। কারণ স্টেডিয়ামের দুটি পিচ ফেন্স দিয়ে আটকিয়ে রাখা হয়েছে। ফেন্স এর উপর কার্পেট বিছিয়ে রাখা হয়েছে যাতে পিচের কোনো ক্ষতি না হয়।

বর্তমানে মাঠের অস্থায়ী অবকাঠামো অপসারণ কাজ চলমান আছে। ২ (দুই) দিনের মধ্যে মালামালসহ অন্যান্য নির্মাণ সামগ্রী অপসারণ করে মাঠে পুনরায় খেলাখুলার ব্যবস্থা করা হবে।

(মুহাম্মদ নিজাম উদ্দীন আহাম্মেদ)

জেলাপ্রশাসক

শরীয়তপুর

টেলিফোন নম্বর : ০২-৪৭৮৮১৫১৪১

ই-মেইল : dcshariatpur@mopa.gov.bd